তারিখ 16 OCT 2008
পৃষ্ঠা - ১২ কলাম - ৬

সংবাদ

বিশ্ব শিক্ষক দিবসের আলোচনায় বক্তারা

# শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের সুযোগ-সুবিধা বাড়াতে হবে

নিজস্ব বার্তা পরিবেশক

দেশের শিক্ষার মান উন্নয়নে অনেক সীমাবদ্ধতার মধ্যে থেকেও শিক্ষকরা নিরলস ভূমিকা পালন করে চলেছেন। নিজেরা ক্ষয়ে ক্ষয়ে আলোকিত করার চেষ্টা করেন একটি জাতিকে। তাই জাতির স্বার্থে শিক্ষকদের সুযোগ-সুবিধা বাড়ানো উচিত।

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে গতকাল রাজধানীর ধানমণ্ডির মায়েম মিলনায়তনে ইউনেস্কো জাতীয় কমিশন আয়োজিত এক সেমিনারে বক্তারা এ কথা বলেন। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) চেয়ারম্যান অধ্যাপক মোজাফ্ফর আহমদ সেমিনারে প্রধান অতিথি ছিলেন। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোজাম্মেল হক খানের সভাপতিত্বে সেমিনারে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এএমএম সফিউল্লাহ, বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) প্রধান সম্পাদক জগলুল আহমেদ চৌধুরী, বাংলাদেশে ইউনেস্কোর প্রতিনিধি মি. মালামা মিলেশিয়া প্রমুখ বক্তৃতা করেন। কমিশনের ব্যবস্থাপনা উন্নয়ন এবং প্রশিক্ষণ পরামর্শক এএএনএস হাবিবুর রহমান সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন।

শিক্ষকদের সম্মান জানানোর আহ্বান জানিয়ে সেমিনারে বক্তারা বলেন, শিক্ষকদের সহযোগী হিসেবে ব্যক্তি, পরিবার ও সমাজকে এগিয়ে আসতে হবে। এর পাশাপাশি শিক্ষার গুণগত মান উন্নয়নে সরকারসহ সবার সহযোগিতা কামনা করেন তারা।

প্রধান অতিথির বক্তৃতায় অধ্যাপক মোজাফ্ফর আহমদ দেশে শিক্ষার বিভাজন নিয়ে উদ্বেগ প্রকাশ করে শিক্ষার মান বাড়ানোর ক্ষেত্রে গুরুত্বারোপ করেন। একই সঙ্গে শিক্ষার মান বাড়াতে শিক্ষকদের সুযোগ-সুবিধা বৃদ্ধিরও আহ্বান জানান তিনি। শিক্ষক রাজনীতি প্রসঙ্গে তিনি বলেন, শিক্ষকরা এসোসিয়েশন বা ফেডারেশন করতেই পারেন। কিন্তু এক্ষেত্রে কোন রাজনৈতিক দলের লেজুড়বৃত্তি অবশ্যই কাম্য নয়।

এএমএম সফিউল্লাহ বলেন, শিক্ষক দিবস পালনের মূল উদ্দেশ্যই হলো শিক্ষকদের সম্মানিত করা। তিনি বলেন, শিক্ষা নিয়ে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জিত না হলেও যেটুকু হয়েছে তার জন্য অবদান রেখেছেন শিক্ষকরাই।